



কালকিনি (মাদারীপুর)ঃ বাসেরহাট কলেজ (বামে) মত্তফাপুর কলেজ (ডানে)

-ইত্তেফাক

কালকিনি (মাদারীপুর) থেকে সর্বোদমমতাবে কালকিনি উপজেলার বাপগাড়ী ইউনিয়নে বাসেরহাট কলেজ ও মত্তফাপুর ইউনিয়নের মত্তফাপুর কলেজ দুটি প্রতিষ্ঠার পর ছয় বছরেও চালু হয়নি।

জানা গেছে, ১৯৯৬-৯৭ অর্থ বছরে স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব সৈয়দ আবুল হোসেনের পৃষ্ঠপোষকতায় স্যাসিনিটিজ বিভাগের অর্থায়নে প্রতিষ্ঠিত তিনতলা বিশিষ্ট এই কলেজ ভবন দুটি বাসেরহাট ও মত্তফাপুরে জনশূন্য

কালকিনির দুই কলেজ, নেই সেখানে নলেজ

অবস্থায় পড়ে আছে। প্রত্যন্ত অঞ্চলের ছেলে মেয়েদেরই স্কুল জীবন শেষ করার পর

অধিক খরচ করে শহরে পড়ালেখা করার সুযোগ হয় না। এখানে রয়েছে কয়েকটি প্রাথমিক বিদ্যালয় ছাড়াও একটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, চারটি মাধ্যমিক বিদ্যালয়, একটি সিনিয়র মাদরাসা ও একটি দাখিল মাদরাসা। এছাড়া পার্শ্ববর্তী ইউনিয়নেরও ক'টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদরাসাসহ প্রায় দশ/বারটি প্রতিষ্ঠান মিলে প্রতি বছর প্রায় ৫/৬শ ছাত্র-ছাত্রী কলেজে ভর্তি হবার যোগ্যতা রাখে। এখন সবার কাছে প্রগ্ন কলেজ দুটি কবে চালু হবে।